



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/19/2024

গভর্নর ক্যাথি হোকল

হাউজিংয়ের সুযোগ অগ্রসর করা: গভর্নর HOCHUL (হোকল) ম্যানহাটনের ফার ওয়েস্ট সাইডে 404টি স্থায়ীভাবে অ্যাফোর্ডেবল ইউনিটসহ প্রায় 1,400 নতুন বাসা তৈরির চুক্তি ঘোষণা করলেন

*HDSN হবে 60 বছরের মধ্যে নিউ ইয়র্ক সিটির প্রথম হাউজিং ডেভেলপমেন্ট যা 12 ফ্লোর এরিয়া রেশিও পার করবে*

*প্রতিযোগিতামূলক বাছাইয়ের পর মাইনোরিটির মালিকানাধীন ব্যবসা পার্টনারশিপ 'Hudson Boulevard Collective' 1.35 বিলিয়ন মার্কিন ডলারের মিক্সড-ইউজ প্রোজেক্টটি নির্মাণ করবে*

*প্রস্তাবিত ডেভেলপমেন্ট এছাড়াও থাকবে জাভিটসে নিউ ইয়র্কের ব্যস্ততম কনভেনশন সেন্টারকে সমর্থন করার জন্য ননপ্রোফিট Climate Museum এবং হোটেলের জন্য স্থায়ী অবস্থান*

**রূপরেখা দেখুন [এখানে](#)**

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করলেন যে BRP Companies, BXP, The Moinian Group এবং Urbane Development-এর মধ্যকার একটি পার্টনারশিপ, Hudson Boulevard Collective, যাদের ডেভেলপমেন্ট দলের 31 শতাংশ মাইনোরিটি মালিকানাধীন ব্যবসা, তাদেরকে শর্তসাপেক্ষে ম্যানহাটনের (Manhattan) 418 Eleventh Avenue-এর, যা Jacob K Javits Convention Center.-এর "সাইট K" নামেও পরিচিত, একটি রূপান্তরমূলক 1.35 বিলিয়ন মার্কিন ডলারের মিক্সড-ইউজ প্রোজেক্ট তৈরি করার নির্ধারিত এনটিটি হিসেবে বাছাই করা হয়েছে। এই ডেভেলপমেন্টটি হলো নিউ ইয়র্ক সিটির (New York City) প্রথম প্রোজেক্ট যেটিকে 12.0-এর বেশি আবাসিক ফ্লোর এরিয়া রেশিও নির্মাণ করার অনুমতি দেওয়া হয়েছে, আরো বাসা নির্মাণ করার এই জোনিং রিফর্মটি অর্থবছর (Fiscal Year, FY) 2025-এর বাজেটে গভর্নর Hochul-এর (হোকল) হাউজিং রিফর্মের কারণে সম্ভব হয়েছে। একটি সম্পূর্ণ প্রতিযোগিতামূলক সংগ্রহ প্রক্রিয়ার পর, প্রস্তাবিত ডেভেলপমেন্ট HDSN, যেটিকে "হাডসন" উচ্চারণ করা হয়, Jacob K. Javits Convention Center এর বিপরীতে 404টি স্থায়ীভাবে অ্যাফোর্ডেবল বাসাসহ 1,349টি আবাসিক ইউনিট তৈরি করবে। চলমান নির্মাণের পরিকল্পনাটি পর্যায়ে ভাগ করা হয়েছে যাতে আবাসিক অংশকে অগ্রাধিকার দেওয়া যায় এবং অতি প্রয়োজনীয় হাউজিংয়ের ডেলিভারি দ্রুত দেওয়া যায়। এই প্রোজেক্টটি হলো নিউ ইয়র্কের হাউজিং সফট সমাধান করতে হাউজিংয়ের সাপ্লাই বাড়ানোর জন্য এবং একই সাথে

ম্যানহাটনের ফার ওয়েস্ট সাইডে (Far West Side) একটি প্রাণবন্ত নতুন গন্তব্য তৈরির জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

"এই রূপান্তরমূলক ডেভেলপমেন্টটি নিউ ইয়র্কের ভবিষ্যতের জন্য আমাদের ভিশনকে রূপ দেয়, যা হলো অ্যাফোর্ডেবল বাসা তৈরি করা, আমাদের জলবায়ু লক্ষ্য অগ্রসর করা এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য অর্থনৈতিক সুযোগ তৈরি করা। গত বছরের বাজেটে আমরা যে নতুন আবাসিক ঘনত্বের বিধান নিশ্চিত করেছি তা কাজে লাগিয়ে HDSN দেখিয়ে দিচ্ছে যে কীভাবে স্মার্ট পলিসির পরিবর্তন উল্লেখযোগ্য অ্যাফোর্ডেবল হাউজিং ডেভেলপমেন্টের পথ খুলে দিতে পারে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই প্রোজেক্টটি হলো চিন্তাশীল ডেভেলপমেন্ট কীভাবে আমাদের হাউজিং সঙ্কটকে সামাল দিতে পারে এবং একই সাথে প্রাণবন্ত, ইনক্লুসিভ কমিউনিটি গঠন করতে পারে তার একটি উদাহরণ। আমরা যখন সাহসের সাথে আমাদের শহরগুলির ভবিষ্যৎ নিয়ে চিন্তা করি তখন কী সম্ভব হতে পারে তা দেখতে নিউ ইয়র্ক আরেকবার নেতৃত্ব দিচ্ছে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন,** "সাইট K-এর ডেভেলপমেন্ট হলো ম্যানহাটনের ফার ওয়েস্ট সাইডের বিবর্তনের একটি অতি গুরুত্বপূর্ণ মুহূর্ত। এই প্রস্তাবিত প্রোজেক্টটি অতি গুরুত্বপূর্ণ অ্যাফোর্ডেবল হাউজিং দিবে এবং আবাসিক, সাংস্কৃতিক, এবং আতিথেয়তার ব্যবহারের একটি ডাইনামিক মিশ্রণের মাধ্যমে অর্থনৈতিক বিকাশের অনুঘটক হিসেবে কাজ করবে। Hudson Boulevard Collective-এর সাথে নতুন ধরণের এই সরকারি-বেসরকারি পার্টনারশিপের মাধ্যমে আমরা সাস্টেনেবল, কমিউনিটিকেন্দ্রিক ডেভেলপমেন্ট অগ্রসর করছি যা নিউ ইয়র্কের ভবিষ্যতকে জোরদার করবে এবং আমাদের কমিউনিটিগুলিকে সেবা দেওয়ার জন্য সরকার ও ইন্ডাস্ট্রি একসাথে কাজ করলে কী সম্ভব তা দেখাবে।"

**নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস) বলেন,** "এই 1.35 বিলিয়ন মার্কিন ডলারের নতুন করে ডেভেলপমেন্ট করা হলো স্টেটের নতুন ধরণের পলিসি রিফর্ম কীভাবে নিউ ইয়র্কবাসীর জন্য দীর্ঘমেয়াদি বেনিফিট তৈরি করছে তার নিখুঁত একটি উদাহরণ। সবথেকে নতুন পাশ করা বাজেটটি স্টেটের মালিকানার জমি ব্যবহার করে আরো হাউজিং নির্মাণের জন্য অঙ্গীকার করেছে এবং এই প্রোজেক্টটি সেই অঙ্গীকার পূরণে সাহায্য করে। এটি ম্যানহাটনে 1,300টির বেশি হাউজিং ইউনিট নিয়ে আসবে যার মধ্যে 400টির বেশি স্থায়ীভাবে অ্যাফোর্ডেবল অ্যাপার্টমেন্ট আছে, এবং একই সাথে ফার ওয়েস্ট সাইডের স্থানীয় অর্থনীতিকে রূপান্তর করা হচ্ছে। HDSN-এর মতো প্রোজেক্ট হলো নিউ ইয়র্কের প্রত্যেক কমিউনিটিতে আরো সাশ্রয়, সাস্টেনেবল, এবং আধুনিক বাসা তৈরি করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) ভিশনের একটি প্রমাণ।"

ম্যানহাটনের অবশিষ্ট কিছু স্টেট মালিকানাধীন পার্সেলের একটি হিসেবে 418 Eleventh Avenue-এর ভবিষ্যতের ব্যবহারের জন্য হাউজিং এবং অ্যাফোর্ডেবল আবাসিক ইউনিট তৈরি করাকে গভর্নর Hochul (হোকল) একটি শীর্ষ অগ্রাধিকার করেছেন। গভর্নরের নেতৃত্বের অধীনে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট 2023 সালের জুলাই মাসে একটি প্রস্তাবনার অনুরোধ (Request for Proposals) নতুন করে জারি করেছেন যা আশেপাশের কমিউনিটির স্বার্থের কথা মাথায় রাখে এবং স্টেটের হাউজিং এবং অর্থনৈতিক বিকাশ লক্ষ্যসমূহকে অগ্রসর করে। ESD-

এর প্রোফেশনাল রিয়েল এস্টেট, আইনি, এবং সংগ্রহ দলের নেতৃত্বে প্রতিযোগিতামূলক রিভিউ প্রক্রিয়াতে প্রত্যেক প্রস্তাবনার সার্বিক বিশ্লেষণ করা হয়েছে এবং সকল কোয়ালিফাইড রেস্পন্ডেন্টের ইন্টারভিউ নেওয়া হয়েছে। এই প্রোজেক্ট দেওয়ার সময় প্রধান বিবেচনার বিষয় ছিল অ্যাফোর্ডেবল ইউনিটের সংখ্যা সর্বোচ্চ করার উপর জোর দিয়ে হাউজিং নির্মাণ করা। বাছাই করার ক্রাইটেরিয়ার মধ্যে এছাড়াও ছিলো প্রত্যেক ডেভেলপমেন্ট দলের অভিজ্ঞতা এবং আর্থিক শক্তি এবং কমিউনিটি স্পেস ও ফ্যাসিলিটি তৈরির ব্যারে তাদের প্রস্তাবনার অঙ্গীকার, এবং উচ্চমানের লজিং দিয়ে Javits Center-কে সমর্থন করার জন্য নতুন অর্থনৈতিক কর্মকাণ্ড তৈরি করার ক্ষমতা।

HDSN-এর 72 তলা ইস্ট টাওয়ার ই এলাকার সবথেকে বড় মিশ্র আয়ের হাউজিং ডেভেলপমেন্টের একটি হবে। এর 1,349টি আবাসিক ইউনিটের মধ্যে 30 শতাংশ অর্থাৎ 404টি অ্যাপার্টমেন্ট স্থায়ীভাবে অ্যাফোর্ডেবল হবে, যা অনেক ধরণের আয়ের লেভেলে কয়েকশত নিউ ইয়র্কের পরিবারের জন্য দীর্ঘমেয়াদি আবাসন স্থিতিশীলতা নিশ্চিত করবে। অ্যাফোর্ডেবল অংশের মধ্যে রয়েছে মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য ইউনিট যারা এলাকার মিডিয়ান আয়ের 130 শতাংশ পর্যন্ত আয় করে এবং AMI-এর গড় 60 শতাংশ আয় করে যারা সেই ওয়ার্কফোর্সের হাউজিং। অ্যাফোর্ডেবল ইউনিটগুলি পুরো ভবনে থাকবে, এবং বাসিন্দাদের সকল সুযোগসুবিধার সমান অ্যাক্সেস দেওয়া হবে। আবাসিক ইউনিটের মিশ্রণে থাকবে স্টুডিও, এক বেডরুম, দুই বেডরুম, এবং তিন বেডরুমের ইউনিট, সবগুলিতে ইন-ইউনিট ওয়াশার ও ড্রায়ার এবং সেই সাথে সেন্ট্রাল হিটিং ও কুলিং থাকবে।

28 তলা ওয়েস্ট টাওয়ারটি একটি ফ্ল্যাগশিপ হোটেল ডেভেলপমেন্ট দিয়ে নিউ ইয়র্ক সিটির কনভেনশন ও পর্যটনের ইনফ্রাস্ট্রাকচারকে জোরদার করবে। টাওয়ারে থাকবে একটি 455 রুমের সম্পূর্ণ সেবার হোটেল, যেখানে একের বেশি প্রাইস পয়েন্ট থাকার ব্যবস্থা থাকবে। হোটেলের অংশে রয়েছে Javits Center-এর অপারেশন সমর্থন করার জন্য নকশা করা সুযোগ সুবিধা, জমিন বলরুম স্পেস, মিটিং রুম, প্রি ফাংশন রুম, খাদ্য ও পানীয়ের ভেন্যু, ফ্লেক্সিবল ইনফর্মাল মিটিং স্পেস, একটি ফিটনেস সেন্টার, এবং আউটডোর সুযোগ সুবিধা যেমন হাডসন রিভার (Hudson River) দেখা যাবে এমন ছাদ।

ডিপার্টমেন্টের পাঁচতলা পোডিয়ামটি সাংস্কৃতিক, শিক্ষামূলক, এবং কমিউনিটি ফ্যাসিলিটির একটি নেক্সাস প্রতিষ্ঠা করবে যার নোঙ্গর হবে Climate Museum-এর স্থায়ী অবস্থান, এটি জলবায়ু পরিবর্তন এবং জলবায়ুর সমাধানের জন্য নিবেদিত নর্থ আমেরিকার (North America) শীর্ষ মিউজিয়াম। তিনটি তলায় 24,000 বর্গফুট জুড়ে এখানে থাকবে প্রদর্শনীর স্থান, একটি অ্যাকশন সেন্টার, এবং শিক্ষার ফ্যাসিলিটি। মিউজিয়ামে থাকবে ClimateTech প্রোগ্রামিং যা নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSEDA) সাথে পার্টনারশিপে আয়োজন করা হবে যাতে ম্যানুফ্যাকচারিং পরিকল্পনার রিসোর্স, মেন্টরশীপ প্রোগ্রাম, এবং ওয়ার্কশপের স্থানের মাধ্যমে জলবায়ু সমাধান আবিষ্কারের ক্ষেত্রে উদ্যোক্তাদের সমর্থন করা যায়।

এছাড়াও কমিউনিটি হাবটি দুইটি প্রধান পার্টনারশিপের মাধ্যমে ওয়ার্কফোর্স বিকাশ এবং সুস্থতার উদ্যোগকে অগ্রসর করবে। Emma's Torch একটি 4,000 বর্গফুটের রেস্টুরেন্ট ও ট্রেনিং ফ্যাসিলিটিকে অপারেট করবে বলে কথা রয়েছে, তারা রিফিউজি, অ্যাসাইলাম প্রাপ্য ব্যক্তি, এবং মানব পাচারের শিকার ব্যক্তিদেরকে তাদের 10 সপ্তাহের শিক্ষানবিশি প্রোগ্রামের মাধ্যমে পেইড

রান্নার ট্রেনিং দিবে এবং চাকরি দেওয়ার সেবা দিবে। এইসব ফ্যাসিলিটিকে কমপ্লিমেন্ট করবে একটি অত্যাধুনিক 60,300 বর্গফুটের Life Time ফিটনেস এবং ওয়েলনেস সেন্টার যা চারটি তলাজুড়ে সার্বিক স্বাস্থ্য ও সুস্থতার প্রোগ্রামিং দিবে, যার মধ্যে থাকবে একটি ঘরের বাইরের সুইমিং পুল এবং ছাদের টেরাস, যা বাসিন্দা ও বৃহত্তর কমিউনিটি সকলের কাজে লাগবে। ভবনে থাকবে ডেভেলপমেন্টের একটি 5,000 বর্গফুটের অংশ যা ভবিষ্যতের কমিউনিটি প্রোগ্রামিং অপশনের জন্য সংরক্ষিত থাকবে।

নিউ ইয়র্ক স্টেটের দেশসেরা জলবায়ু লক্ষ্যের সাথে মিল রেখে HDSN LEED Gold সার্টিফিকেশন পেতে চায় এবং এনার্জি-এফিশিয়েন্ট বিল্ডিং সিস্টেম এবং আধুনিক পানি ম্যানেজমেন্টকে যুক্ত করবে, যেমন গ্রেওয়ারটার রিসাইকেলিং এবং ঝড়ের পানিকে সেচের জন্য নতুন করে ব্যবহার, এবং নির্মাণের পুরো সময়ে সাস্টেনেবল উপাদান কাজে লাগানো। পাশাপাশি, Climate Museum পরিকল্পনা করছে যে তারা Living Building Challenge সার্টিফিকেশন এবং নেট-জিরো কার্বন অপারেশন অর্জন করার চেষ্টা করবে। এই উদ্যোগগুলি HDSN-কে পরিবেশ সম্পর্কিত নেতৃত্ব এবং সাস্টেনেবল আর্বাণ ডেভেলপমেন্টের একটি আদর্শ হওয়ার অবস্থানে স্থাপন করে।

নির্মাণ এবং স্থানীয় চাকরি তৈরির মাধ্যমে HDSN ডেভেলপমেন্টটি নিউ ইয়র্ক স্টেটের জন্য উল্লেখযোগ্য দীর্ঘমেয়াদি অর্থনৈতিক সুযোগ তৈরি করবে প্রোজেক্টটি এর বহু বছরের ডেভেলপমেন্ট সময়কালজুড়ে কয়েক হাজার নির্মাণ চাকরি তৈরি করবে বলে আশা করা যাচ্ছে, এরপর আতিথেয়তা, রিটেইল, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, এবং বিল্ডিংয়ের অপারেশনের জন্য কয়েকশত স্থায়ী চাকরি তৈরি হবে। Javits Center-এর কনভেনশনে যোগ দিতে আসা মানুষের জন্য থাকার ব্যবস্থা বাড়িয়ে দিয়ে হোটেলটি বিশেষ করে নিউ ইয়র্ক সিটির পর্যটন অর্থনীতিকে জোরদার করবে, যা সিটিতে আরো বড় আকারের ইভেন্ট ও কনফারেন্সকে আকৃষ্ট করবে।

কমিউনিটির প্রতি প্রোজেক্টের অঙ্গীকার শুধু অর্থনৈতিক প্রভাবেই সীমিত থাকবে না কারণ এখানে চিন্তাশীলভাবে নকশা করা পাবলিক স্পেস থাকবে। Hudson Boulevard Collective অনেক বেশি পাবলিক স্পেস উন্নয়নের নকশা করেছে যা 35th Street-এ পথচারীদের অভিজ্ঞতা বদলে দিবে। এই উন্নয়নের মধ্যে আছে নতুন ল্যান্ডস্কেপিং, বাসার জায়গা, এবং উন্নত বাতির ব্যবস্থা যা Javits Center, Bella Abzug Park, এবং বৃহত্তর হাডসন ইয়ার্ডস (Hudson Yards) ডিস্ট্রিক্টের সাথে নিরবচ্ছিন্ন সংযোগ তৈরি করবে। প্রোজেক্টের অবস্থানটি অসাধারণ গণপরিবহন অ্যাক্সেস দিবে, 7টি সাবওয়ে লাইন, M34 ক্রসটাউন বাসের সাথে সরাসরি সংযোগ থাকবে এবং Moynihan Train Hall এবং Penn Station থেকে সামান্য হাঁটা দূরত্বে অবস্থিত হবে।

প্রস্তাবিত প্রোজেক্টের স্পন্সর করবে New York Convention Center Development Corporation, তারা জেনারেল প্রোজেক্ট প্ল্যানের (General Project Plan) অধীনে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের একটি সাবসিডিয়ারি। State Environmental Quality Review Act (SEQRA)-এর অধীনে একে পরিবেশ রিভিউয়ের সম্মুখীন অবশ্যই হতে হবে এবং চূড়ান্ত বিবেচনা ও অনুমোদনের আগে এটিকে পাবলিক রিভিউ ও মতামতের জন্য প্রকাশ করা হবে।

**BRP Companies-এর কোফাউন্ডার এবং ম্যানেজিং পার্টনার (জিওফ ফ্লারনয়) বলেন,** "যুগান্তকারী এই প্রোজেক্টটি হলো ম্যানহাটনের ওয়েস্ট সাইটে অর্থনৈতিক বিকাশ চালনা করা এবং একটি অতি জরুরিভাবে প্রয়োজনীয় সমতার হাউজিং সুযোগ দিবে এমন নতুন ধরণের

ডেভেলপমেন্টের মাধ্যমে নিউ ইয়র্ক সিটির অ্যাফোর্ডেবল হাউজিং সঙ্কট সমাধানে সাহায্য করার জন্য একটি অতুলনীয় চেষ্টার উদাহরণ। আমরা আমাদের পার্টনার, অর্থাৎ, সিটি, স্টেট এবং জড়িত সকল কমিউনিটি এনটিটির সাথে আমাদের কাজ চালিয়ে যেতে চাই কারণ আমরা নিউ ইয়র্কবাসীদের জন্য অতি প্রয়োজনীয় হাউজিং তৈরি করার পরবর্তী পর্যায়ে অগ্রসর হচ্ছি যা দীর্ঘমেয়াদি বিকাশ ও স্থিতিশীলতা নিশ্চিত করতে আশেপাশের কমিউনিটিরও উন্নতি করবে।"

**BXP নিউ ইয়র্ক রিজিয়নের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট Hilary Spann (হিলারি স্প্যান)** বলেন, "নিউ ইয়র্কবাসীরা চায় চাকরির সুযোগ এবং Hudson River Park, ওয়াটারফ্রন্ট এবং হাই লাইনের (High Line) মতো পাবলিক সুযোগ সুবিধার কাছে উচ্চমানের অ্যাফোর্ডেবল হাউজিং পাওয়ার সুবিধাজনক সুযোগ। এইসব গুরুত্বপূর্ণ ব্যবহার যোগ করতে কমিউনিটির বিবর্তন সমর্থন করতে আমরা আগ্রহী। এছাড়াও এই রূপান্তরমূলক প্রোজেক্ট অগ্রসর করতে আমরা স্টেট এবং সিটিতে আমাদের পার্টনারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করতে চাই।"

**The Moinian Group-এর CEO Joseph Moinian (জোসেফ মইনিয়ান)** বলেন, "নিউ ইয়র্ক সিটিতে একটি ঐতিহাসিক হাউজিং সঙ্কটের মধ্যে এই প্রোজেক্টটি হলো ম্যানহাটনের ওয়েস্ট সাইডে অতি প্রয়োজনীয় বাসার ব্যবস্থা করার ক্ষেত্রে একটি অতি প্রয়োজনীয় ধাপ। আমরা ওয়েস্ট সাইড কমিউনিটির জন্য এই রূপান্তরমূলক প্রোজেক্টটি অগ্রসর করতে চাই, এটি ম্যানহাটনের এমন একটি অঞ্চল যেখানে আমাদের ফার্মের শেকড় আছে এবং আমরা এর প্রতি অঙ্গীকারবদ্ধ।"

**Urbane Development-এর প্রিন্সিপাল এবং CEO James Johnson-Piett (জেমস জনসন-পিয়েট)** বলেন, "হাডসন ইয়ার্ডস এবং ওয়েস্ট সাইডের কেন্দ্রে অবস্থিত এই রূপান্তরমূলক ডেভেলপমেন্টে অংশগ্রহণ করতে পেরে আমরা অতি আনন্দিত। এই প্রোজেক্টটি উচ্চমানের অ্যাফোর্ডেবল হাউজিং দিবে, যা অত্যাধুনিক সাস্টেনিবিলিটি পদ্ধতি ব্যবহার করে একটি জলবায়ুবান্ধব পন্থা দিয়ে নকশা করা হয়েছে। হাউজিংয়ের পাশাপাশি এটি কমিউনিটির ব্যবহার তৈরি করবে যা অর্থনৈতিক এবং ওয়ার্কফোর্সের বিকাশকে চালনা করবে, প্লেসমেকিং জোরদার করবে, এবং বাসিন্দা ও বেড়াতে আসা মানুষ সবার জন্য জাভিটস অভিজ্ঞতা উন্নত করবে। Hudson Boulevard Collective, স্টেট, এবং সিটিতে আমাদের পার্টনারদের সাথে সহযোগিতামূলক কাজ করে এই অনন্য ভিশনকে বাস্তব করার ব্যাপারে আমরা উৎসাহী।"

**ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট Mark Levine (মার্ক লেভিন)** বলেন, "সাইট K-এর ডেভেলপমেন্টের জন্য এটি একটি প্রধান ধাপ যা এক হাজার ইউনিটের বেশি হাউজিং দিবে এবং অ্যাফোর্ডেবল হাউজিং সংকট সমাধানে সাহায্য করবে। ঘনত্ব বাড়ানোর অনুমতি কাজে লাগানো প্রথম প্রোজেক্ট হিসেবে এই সাইটটি আরো হাউজিংয়ের পথ খুলতে দিবে এবং দেখাবে যে কীভাবে আমরা আরো প্রাণবন্ত এবং ইনক্লুসিভ একটি সিটি গঠন করতে পারি। নিউ ইয়র্কবাসীদের জন্য অতি প্রয়োজনীয় বাসা দেওয়ার পাশাপাশি এটি এছাড়াও Climate Museum এবং একটি অতি প্রয়োজনীয় কমিউনিটি হাবকে স্থান দিবে, যেগুলি আকর্ষণীয় বাড়তি অংশ হবে। এই সাইটটি যে সুযোগ দিবে তার জন্য এটি আমার Housing Manhattanites রিপোর্টে অন্তর্ভুক্ত ছিলো, এবং এটিকে অগ্রসর হতে দেখে আমি আনন্দিত।"

**ম্যানহাটন কমিউনিটি বোর্ড 4-এর (Manhattan Community Board 4, MCB4) চেয়ার Jessica Chait (জেসিকা চাইট)** বলেন, "আজকের ঘোষণাটি হলো, কিছু অংশে, কমিউনিটির

বহু বছরের অ্যাডভোকেসি এবং হাউজিং ও গভর্নরের অফিসের নেতৃত্বে কমিউনিটির ফ্যাসিলিটিকে অগ্রাধিকার দেওয়া সহযোগিতামূলক পন্থার ফলাফল 1,349টি হাউজিং ইউনিট তৈরির প্রশংসা করছে ম্যানহাটন কমিউনিটি বোর্ড 4, যার মধ্যে 30% আয়ের একটি ব্যাপ্তির জন্য অ্যাফোর্ডেবল হবে। হাউজিংয়ের নির্মাণকে অগ্রাধিকার দেওয়া হবে এবং তা হোটেলের মতো বিকল্প অর্থায়নের উপর নির্ভর করবে না এই ব্যাপারে গভর্নরের অঙ্গীকার হলো MCB4-এর অ্যাফোর্ডেবল হাউজিং প্ল্যানের (Affordable Housing Plan) দীর্ঘদিনের একটি লক্ষ্য।"

### গভর্নর হোকলের আবাসন এজেন্ডা

নিউ ইয়র্কের আবাসন সঙ্কটের সমাধান করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও বাসযোগ্য করতে গভর্নর Hochul (হোকল) প্রতিশ্রুতিবদ্ধ। অর্থ বছর 25 এর প্রণীত বাজেটের অংশ হিসাবে গভর্নর আপস্টেট কমিউনিটির জন্য নতুন ট্যাক্স ইনসেন্টিভ, নতুন প্রণোদনা এবং নিউ ইয়র্ক সিটিতে আরো আবাসন তৈরির জন্য নির্দিষ্ট কিছু স্টেটের বিধিনিষেধ থেকে মুক্তির মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বাড়ানোর জন্য একটি যুগান্তকারী চুক্তি সুরক্ষিত করেছেন, যা 500 মিলিয়ন ডলারের স্টেটের মালিকানাধীন সম্পত্তিতে 15,000টি পর্যন্ত নতুন বাড়ি নির্মাণের জন্য মূলধন তহবিল, অতিরিক্ত 600 মিলিয়ন ডলার স্টেট ব্যাপী বিভিন্ন আবাসন উন্নয়ন এবং ভাড়াটে এবং বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষার জন্য অর্থায়ন।

23 অর্থ বছরের নির্বাহী বাজেটের অংশ হিসেবে, গভর্নর একটি পাঁচ-বছরের, 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার ঘোষণা দিয়েছেন, যার মাধ্যমে স্টেট ব্যাপী 100,000 পরিমাণ সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণ করা হবে যার মধ্যে 10,000টি ঝুঁকিপূর্ণ জনগণের জন্য সহায়ক পরিষেবাসহ থাকবে, পাশাপাশি 50,000 গৃহের বৈদ্যুতিকীকরণ করা হবে। এখন পর্যন্ত 45,000 এর বেশি বাসা তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

এছাড়াও গত আগস্টে, গভর্নর Hochul হোকল Pro-Housing Communities প্রোগ্রামেরও ঘোষণা করেছিলেন। প্রো-হাউজিং কমিউনিটি সার্টিফিকেশন হলো স্থানীয়দের জন্য 650 মিলিয়ন ডলার পর্যন্ত স্টেটের বিবেচনামূলক তহবিল অ্যাক্সেস করার জন্য একটি চাহিদা। আজ পর্যন্ত নিউ ইয়র্ক সিটি সহ 250টিরও বেশি কমিউনিটিকে প্রত্যয়িত করা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)